

৭) চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, নাগড়া ডাকবাংলোর ভাড়া বাড়ানো প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : নাগড়া ডাকবাংলোর ভাড়া বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া চেয়ারম্যান মহোদয় প্রতি তিনমাস অন্তর অন্তর স্টাফ মিটিং করার সিদ্ধান্ত দেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে পরবর্তী সভার তারিখ ০২/০৪/২০২০ দুপুর ১২.০০ টায় জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৮) বর্তমানে জেলা পরিষদের সার্ভেয়ার বদলির আদেশাধীন থাকায় স্থানীয় ভাবে একজন নিয়োগ দেয়া দরকার।

সিদ্ধান্ত : জেলা পরিষদ সভার অনুমোদনে স্থানীয় সরকার বিভাগের অনাপত্তি প্রার্থনা করা হবে।

৯) অনেকেই ডাকবাংলো/অডিটরিয়াম/মাল্টিপারপাস হল ব্যবহার করলেও ভাড়া দেননা।

সিদ্ধান্ত : সকলকে যথাযথভাবে ভাড়া পরিশোধ করতে হবে। ১দিনের কম ব্যবহার বা ফ্রেস হওয়ার বা সাময়িক বিশ্রামের জন্য ব্যবহার করলেও ১ দিনের ভাড়া দিতে হবে।

১০) বিবিধ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : ক) প্রতিটি ডাকবাংলোর প্রতিটি কক্ষে কেবলা নির্দেশক চিহ্ন থাকবে সুবিধাজনক স্থানে।

খ) নয়নাভিরাম কৃষ্ণপুর ডাকবাংলো থাকা খাওয়ার ব্যবস্থা যথাযথভাবে উন্নত করতে হবে।

গ) আটপাড়া ডাকবাংলোর বৈদ্যুতিক মিটার প্রয়োজনীয় ভাবে পরিবর্তনে পিবিএস-কে পত্র দিতে হবে।

ঘ) সংশ্লিষ্ট সকল দায়িত্বপ্রাপ্ত কেয়ারটেকার ডাকবাংলো ও অডিটরিয়াম যথার্থ বিস্তারিত সংস্কারের প্রস্তাবনা পাঠাবেন।

ঙ) জেলা পরিষদ যথার্থভাবে নথির্যাক সরবরাহ করা হবে।

চ) ডাকবাংলো অডিটরিয়ামের বোডার/ব্যবহারকারীদের মতামত রেজিস্টারে নিতে হবে।

ছ) ডাকবাংলোতে সেট করে সাদা চাদর সরবরাহ করা হবে।

জ) সকল ডাকবাংলো ও অডিটরিয়ামের ভাড়া পুন নির্ধারণের যথাযথ উদ্যোগ নেয়া হবে।

ঝ) জেলা পরিষদের সকলে সর্বদা ভাল ব্যবহার ও আচরণ প্রদর্শন করবেন।

(প্রশান্ত কুমার রায়)

চেয়ারম্যান

জেলা পরিষদ, নেত্রকোণা

ও

সভাপতি

নেত্রকোণা জেলা পরিষদ সভা।

পৃষ্ঠা : ০২/০৩

২২.০২.২০